গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর
জাতীয় ক্রীড়া পরিষদ (NSC) ভবন, লেভেল-১৪
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
www.ccie.dhaka.gov.bd

স্মারক নং ২৬.০৩.১১০০.০০১.০০.০৪৪.২৩-

তারিখঃ ৩১ আশ্বিন ১৪৩০
১৬ অক্টোবর ২০২৩

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল ও সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজন সভার কার্যবিবরণী প্রেরণ।

উপযুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে জাতীয় শুদ্ধাচার কৌশল, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সহযোগী প্রতিষ্ঠান ও অংশীজনদের সমন্বয়ে গত ২০-০৯-২০২৩ তারিখে একটি সভা আয়োজন করা হয়। সভার কার্যবিবরণী প্রস্তুত করা হয়েছে।

উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এতদ্সঙ্গে নিদের্শক্রমে প্রেরণ করা হলো।

(মোহাম্মদ সুমন মাহবুব)
সহকারী নিয়ন্ত্রক
আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রক, ঢাকা এর পক্ষে
ac2.dhaka@ccie.gov.bd
সেল ফোনঃ ০১৮১৮-২৮২৫৮৭

প্রধান নিয়ন্ত্রক
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
জাতীয় ক্রীড়া পরিষদ (এনএসসি) ভবন, লেভেল-১৫
৬২/৩, পুরানা পল্টন ঢাকা-১০০০।

স্মারক নং ২৬.০৩.১১০০.০০১.০০.০৪৪.২৩-/৩২৭৬(৫)

তারিখঃ ৩১ আশ্বিন ১৪৩০
১৬ অক্টোবর ২০২৩

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১ গর্ভনর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল ঢাকা।
২ চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৩ নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, প্লট ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
৪ মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯ কাওরান বাজার, ঢাকা-১২১৫
৫ ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষ, আইসিটি ভবন, (১০ তলা), ই-১৪/এক্স, আগারগাঁও, ঢাকা-১২০৭
৬ চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন, ৩৯৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
৭ ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক লি: প্রধান কার্যালয়, ৩৫-৪২, ৪৪ মতিঝিল বা/এ, ঢাকা।
৮ প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা-১০০০।
৯ প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গুলশান সেন্টার পয়েন্ট, প্লট নং- ২৩-২৬, রোড নং- ৪৬, গুলশান-২, ঢাকা-১২১২।
১০ প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, ১০ বঙ্গবন্ধু সম্প্রসারিত সড়ক, নারায়ণগঞ্জ ১৪০০।
১১ প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর নগর ভবন, গাজীপুর।
১২ ব্যবস্থাপনা পরিচালক, র‍্যাংগস ফার্মাসিউটিক্যালস লিমিটেড।
১৩ সভাপতি, বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন।
১৪ সভাপতি, বাংলাদেশ সিরামিক ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন।
১৫ সভাপতি, বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি।
১৬ সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সমিতি।
১৭ সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি।
১৮ ব্যবস্থাপনা পরিচালক. সিনহা পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড।
১৯ চেয়ারম্যান, সামিট গ্রুপ, ১৮/এ সামিট সেন্টার, কাওরান বাজার, ঢাকা।
২০ সভাপতি, বাংলাদেশ এডিবল ওয়েল লিমিটেড।
২১ চেয়ারম্যান, আরএফএল গ্রুপ।
২২ চেয়ারম্যান, প্রাণ আরএফএল গ্রুপ।
২৩ ব্যবস্থাপনা পরিচালক, মাহবুব গ্রুপ অব ইন্ডাস্ট্রি।
২৪ ব্যবস্থাপনা পরিচালক, নোমান গ্রুপ অব ইন্ডাস্ট্রি লিমিটেড।
২৫ ব্যবস্থাপনা পরিচালক, Technotel-Maritime Pte Ltd.
২৬ সভাপতি, বাংলাদেশ পিভিসি পাইপ ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন।
২৭ সভাপতি, Bangladesh Specialized Textile Mills & Power loom Industries Association.

২৮ ব্যবস্থাপনা পরিচালক, সুপার স্টার গ্রুপ।
২৯ ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ এসোসিয়েশন অব ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রিজ।
৩০ ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ গার্মেন্টস বায়িং হাউস এসোসিয়েশন।
৩১ ব্যবস্থাপনা পরিচালক, বেঙ্গল গ্রুপ।
৩২ সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস অ্যাকসেসরিজ অ্যান্ড প্যাকেজিং ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএপিএমইএ)।
৩৩ সভাপতি, বাংলাদেশ ওয়াচ ইম্পোর্টার্স এ্যাসেম্বেলার্স এন্ড ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন।
৩৪ সভাপতি, টাঙ্গাইল চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি।
৩৫ ব্যবস্থাপনা পরিচালক, ট্রেড ইন্টারন্যাশনাল ইন্ডাস্ট্রিজ লিমিটেড।
৩৬ চেয়ারম্যান, ওয়ালটন হাই-টেক ইন্ডাস্ট্রি লিমিটেড।
৩৭ চেয়ারম্যান, আকিজ ফুড এন্ড বেভারেজ লিমিটেড।
৩৮ চেয়ারম্যান, Anchor Exim U.S.A Ltd.
৩৯ চেয়ারম্যান, রেনেটা লিমিটেড।
৪০ চেয়ারম্যান, ডাবর বাংলাদেশ প্রাইভেট লিমিটেড।
৪১ সভাপতি, পুরাতন কাপড় আমদানিকারক সমিতি।
৪২ সভাপতি, বাংলাদেশ জুট স্পিনার্স এসোসিয়েশন।
৪৩ চেয়ারম্যান, ডার্মা ফার্মাটিক্যাল।
৪৪ ব্যবস্থাপনা পরিচালক/প্রোপ্রাইটর, অত্র দপ্তরের সকল সেবাগ্রহীতা প্রতিষ্ঠান।
৪৫ সভাপতি, বাংলাদেশ ফ্রুটস ভেজিটেবলস এন্ড এলাইড এক্সপোর্টাস এসোসিয়েসন।

**অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১ সহকারী নিয়ন্ত্রক (এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা), আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
২ সহকারী নিয়ন্ত্রক (প্রশাসন), আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
৩ সকল সহকারী নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকেরদপ্তর, ঢাকা।
৪ সকল নির্বাহী অফিসার, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকেরদপ্তর, ঢাকা।
৫ জনাব নুসরাত জাহান, নির্বাহী অফিসার, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬ ব্যক্তিগত সহকারী, নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
৭ অফিস কপি।

(মোহাম্মদ সুমন মাহবুব)
সহকারী নিয়ন্ত্রক
আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রক, ঢাকা এর পক্ষে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা
জতীয় ক্রীড়া পরিষদ (এনএসসি) ভবন, লেভেল-১৪
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
www.ccie.dhaka.gov.bd

**বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল ও সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজন সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ মাসুদুল মান্নান, নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা। |
| সভার স্থান | : | দপ্তরের সম্মেলন কক্ষ |
| সভার তারিখ | : | ২০ সেপ্টেম্বর ২০২৩ |
| সভার সময় | : | ১১ টা |

**উপস্থিতির তালিকা: পরিশিষ্ট-(ক)**

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বিভিন্ন সহযোগী প্রতিষ্ঠান ও চেম্বার/এসোসিয়েশন এর সভাপতি/সাধারণ সম্পাদক, বিভিন্ন ব্যবসায়িক প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ এবং অত্র দপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে Annual Performance Agreement (APA) এর আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত জাতীয় শুদ্ধাচার কৌশল, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে পূর্বের সভা সমূহের গৃহীত সিদ্ধান্তের আলোকে দপ্তরের OLM এর মাধ্যমে নবায়ন কার্যক্রমসহ চলমান গ্রাহক সেবার বিভিন্ন দিক তুলে ধরেন। দপ্তরের কার্যক্রমের জন্য তিনি উপস্থিত সকলের মতামত আহবান করেন।

২.০ আলোচনা:

২.১ বাংলাদেশ গার্মেন্টস বায়িং হাউজ এসোসিয়েশনের সাধারণ সম্পাদক জনাব মো: আমিনুল ইসলাম আমদানি ও রপ্তানি নিবন্ধন সনদ এর নম্বর দিয়ে মালিকানার সকল তথ্য দেখার জানার বিষয়ে জানতে চান। তিনি নিবন্ধন সনদ এর নম্বর দিয়ে মালিকানার সকল তথ্য দেখার ব্যবস্থা রাখার জন্য অনুরোধ করেছেন। তিনি পোশাক শিল্প ব্যবসায়িকদেরকে সনদপত্র প্রদান করার সময় কলকারখানার সকল কাগজাদি যাচাই বাচাই করে সনদপত্র দেখার অনুরোধ করেন। বস্ত্র অধিদপ্তরে নিবন্ধন ব্যতীত কোন বায়িং হাউজ এর সদস্য যাতে কোনো ব্যাংকে ট্রানজেকসন করতে না পারে সেই বিষয়ে পরামর্শ প্রদান করেন। পোশাক শিল্প ব্যবসার সাথে জড়িত আইআরসি/ ইআরসি নবায়নের সময় বস্ত্র শিল্পের সাথে সংশ্লিষ্ট এসোসিয়েশনের হালনাগাদ সদস্যতা সনদ গ্রহণের পরামর্শ প্রদান করেন। সম্ভব হলে ইআরসি দুটি ভাগে যথা: (১) রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের জন্য শিল্প ইআরসি এবং (২) অন্যান্য রপ্তানিকারকদের সাধারণ ইআরসি রাখার ব্যাপারে মতামত প্রকাশ করেন। ইআরসি গ্রহণের ফিস সামঞ্জস্যপূর্ণ করার বিষয়টি সভায় উত্থাপিত হয়।

২.২ পুরাতন কাপড় আমদানিকারক সমিতি এর ভাইস প্রেসিডেন্ট জনাব জাহাঙ্গীর হোসেন জানান যে, উক্ত সভা মতবিনিময় আয়োজনের জন্য নিয়ন্ত্রক মহোদয়কে ধন্যবাদ জানিয়েছেন। তিনি আরো জানান যে, ৬৪ জেলায় পুরাতন কাপড় এর কমিটি আছে এবং প্রতিটি জেলায় পুরাতন কাপড় আমদানির সুবিধা রয়েছে। বর্তমান পুরাতন কাপড়ের ৩০০০ ক্ষুদ্র শিল্প/ক্ষুদ্র আমদানিকারক। তিনি ২০২২-২৩ অর্থবছরের পুরাতন কাপড় আমদানি সময়সীমা বৃদ্ধি করণের জন্য সুপারিশ করেন এবং শীতের সময় আবেদন জমা দেওয়ার সময়সীমা বৃদ্ধির জন্য অনুরোধ করেন। পরিশেষে তিনি আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রন অধিদপ্তর হতে প্রাপ্ত সেবার জন্য আন্তরিকভাবে প্রশংসা করেন।

২.৩ কিশোরগঞ্জ চেম্বর অব কর্মাস ইন্ডাস্ট্রি এর পরিচালক জনাব খলিলুজ জামান জানান যে, ওএলএম এর আবেদন দাখিল এবং বিভিন্ন সেবা গ্রহনের জন্য সেবা প্রার্থীদের প্রশিক্ষণ দেওয়ার ব্যবস্থা গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করেছেন।

২.৪ স্মল এন্ড মিডিয়াম এন্টারপ্রাইজ (এসএমই) ওনার্স এসোসিয়েশন এর সভাপতি জনাব মো: আলিজামান জানান যে, উক্ত সভা মতবিনিময় আয়োজনের জন্য নিয়ন্ত্রক মহোদয়কে এবং উপস্থিত সকল সদস্যগণদেরকে ধন্যবাদ জানিয়ে তাঁর বক্তব্য শুরু করেন। বর্তমান বাংলাদেশের শিল্প ব্যবস্থাপনা স্মল এন্ড মিডিয়াম এন্টারপ্রাইজ (এসএমই) ওনার্স এসোসিয়েশন এর আওতায় রয়েছে। বর্তমান এসএমই-তে ৪০০ প্রতিষ্ঠান রেজিষ্ট্রেশন আছে এবং নিয়মিত নির্বাচন হয়। তার মধ্যে ২০-২৫ টি প্রতিষ্ঠান আরজেএসসি নিয়মিত পরিচালনা করে থাকেন। সদস্য এন্টি ফি নেন না এবং সদস্যতা সনদ প্রদানের সময় ১০০০ টাকা ফি হিসেবে গ্রহণ করেন। স্মল এন্ড মিডিয়াম এন্টারপ্রাইজ (এসএমই) ওনার্স এসোসিয়েশন উন্নয়ন করতে এনবিআর থেকে সাহায্য সহযোগিতা চেয়েছেন এবং শিল্প আইআরসি সদস্য হতে ৪% ফি নেওয়ার অনুরোধ করেছেন।

২.৫ মাহবুব গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ এর সহকারী ম্যানেজার কমার্শিয়াল জনাব মোঃ আজহারুল ইসলাম সাহিন "সভা আয়োজনের জন্য প্রথমে প্রধান নিয়ন্ত্রক মহোদয়, নিয়ন্ত্রক মহোদয় এবং অত্র দপ্তরের কর্মকর্তাগণদেরকে ধন্যবাদ জানিয়ে তাঁর বক্তব্য শুরু করেন। তিনি অত্র দপ্তরের কার্যক্রম এবং কর্মকর্তা ও কর্মচারীগণদের ব্যবহারে সন্তুষ্ট প্রকাশ করেন। তাঁর ১ ঘন্টার মধ্যে কাজ সম্পন্ন হয়েছে এ বিষয়ে ও খুব প্রশংসা জ্ঞাপন করেন।

২.৬ মন্ডল গ্রুপ এর মহাব্যবস্থাপক জনাব শেখ সাকিল মাহমুদ "সভা আয়োজনের জন্য প্রথমেই প্রধান নিয়ন্ত্রক মহোদয় এবং নিয়ন্ত্রক মহোদয়কে ধন্যবাদ জানিয়ে তাঁর বক্তব্য শুরু করেন। তিনি জানান যে, বর্তমান আইআরসি পাঁচ বছরের জন্য নবায়ন করা হয়। শিল্প আইআরসি ইস্যু করা হয় তখন প্রতিষ্ঠানের এডহক রুপান্তরিত হয় কিন্তু নিয়মিত করতে হলে প্রতিষ্ঠানের অনেক সমস্যায় সম্মুখীন হতে হয়। রপ্তানিমূখী প্রতিষ্ঠান যেমন জেনারেল ইআরসি সনদ একবার করলে সারাবছর শুধু নবায়ন করে রপ্তানি করতে পারে কিন্তু শিল্প আইআরসি ইস্যু শুরুতে এডহক এবং পরে নিয়মিত করতে হয়। যা প্রতিষ্ঠানের আমদানি করার সময় নানা সমস্যায় সম্মুখীন হতে হয়।

২.৭ হা-মিম গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ এর জনাব তারিকুল ইসলাম জানান যে, অংশীজন সভা বিভিন্ন কোম্পানি রয়েছে। একেক কোম্পানির একেক সমস্যা রয়েছে। কিন্তু হা-মিম গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ এর কোনো সমস্যা নেই। কেননা তাদের সকল কাগজাদি আপডেড থাকে। স্মার্ট বাংলাদেশ গড়ে তোলতে হলে আমাদেরকেও স্মার্ট হতে হবে। কাগজপত্র আপডেড রেখে কোম্পানিকে স্মার্ট হতে হবে। তিনি জানান ব্যবসা প্রতিষ্ঠান নিয়ে বর্তমান বাংলাদেশে অনেক সরকারী অফিস কাজ করছে এবং সিসিআইএন্ডই ও কাজ করছে। সিসিআইএন্ডই অফিসের মত এতদ্রুত কাজ কোথাও হয় না। বর্তমান সিসিআইএন্ডই স্মার্ট অফিস হিসেবে গড়ে তোলেছে। কিছু দিন আগে হা-মিম গ্রুপ আমদানি করার সময় কাস্টম মালামাল আটকে রেখেছে। ঐসময় ডলারের দাম বেড়ে যাওয়ার ফলে স্লাব বাড়ানো জন্য বিডা অফিস হতে সুপারিশ পেতে একমাস সময় লেগেছে। কিন্তু, সিসিআইএন্ডই চারদিনের মধ্যে স্লাব বৃদ্ধি করে লাইসেন্স দিয়েছে বলে অনেক ধন্যবাদ জানান। পরিশেষে তিনি আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রন অধিদপ্তর হতে প্রাপ্ত সেবার জন্য আন্তরিকভাবে প্রশংসা জ্ঞাপন করেন।

৩.০ অত্র দপ্তর হতে প্রদত্ত ওএলএম সেবার মান ও সেবা সহজীকরণ সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হয়। গত ১৬ মে ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভায় নবায়ন সংক্রান্ত বিষয়ে গৃহীত সিদ্ধান্তের আলোকে ১লা জুলাই ২০২৩ থেকে নবায়ন কার্যক্রম শুরু হয়। এ পর্যন্ত প্রায় ২৯০০০ টি নবায়নের আবেদন নিষ্পত্তি করা হয় (কপি সংযুক্ত)। বিভিন্ন বিষয় সম্পর্কে অংশীজনের মতামত ও পরামর্শ গ্রহণপূর্বক এর সেবার মান উন্নয়নের বিষয়ে আলোচনা করা হয়। বাণিজ্য মন্ত্রণালয় হতে একটি নির্দেশনা দেওয়া হয়েছিলো ১-৫ বছরের নবায়ন একসাথে সম্পাদন করা আবার অর্থ আইন ২০২২ অনুযায়ী সকল নিবন্ধন সনদপত্র জারি ও নবায়ন সম্পাদন করার সময় আয়কর রিটার্ন যাচাই করা বাধ্যতামূলক রয়েছে এই বিষয় নিয়ে অংশীজনদের পরামর্শ প্রদান করা হয়। সভায় অংশগ্রহণকারী স্টোক হোল্ডারগণ অত্র দপ্তর হতে প্রদত্ত ওএলএম সেবার জন্য গাইডলাইন অথবা একটি ভিডিও টিউটোরিয়াল দেওয়ার জন্য পরামর্শ প্রদান করেন। সনদপত্র নবায়নের সময় চেম্বার/এসোসিয়েশনের হালনাগাদ সদস্যতা সনদ গ্রহণের বিষয়ে অংশীজনদের পক্ষ হতে পরামর্শ প্রদান করা হয়। সভাপতি এ মর্মে সভাকে অবহিত করেন যে, আলোচ্য বিষয়সমূহ প্রধান নিয়ন্ত্রক মহোদয় বাণিজ্য মন্ত্রণালয়কে অবহিত করে নির্দেশনা মোতাবেক অত্র দপ্তরের সেবায় মান্নোন্নয় করা হবে।

৪.০। <u>বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:</u>

৪.১ ২০২৩-২৪ অর্থবছরের নবায়নের সময় হালনাগাদ সদস্যতা সনদ গ্রহণ সাক্ষেপে নবায়ন কার্যক্রম গ্রহণের বিষয়টি জানিয়ে প্রনিক দপ্তরে পত্র প্রেরণ করতে হবে।

৪.২ ১-৫ বছর নবায়ন কার্যক্রম কিভাবে হবে ও কি কি কাগজাদি হালনাগাদ করতে হবে এ সংক্রান্ত বিষয়ে প্রনিক দপ্তরে নির্দেশনা প্রয়োজন।

৪.৩ ১০০% রপ্তানিমূখী শিল্প প্রতিষ্ঠানের অনুকুলে আলাদা শিল্প ইআরসি ও সাধারণ ইআরসি জারি করা যায় কিনা এ বিষয়ে প্রধান নিয়ন্ত্রকের দপ্তরে নির্দেশনা প্রয়োজন।

৪.৪ কোম্পানির ক্ষেত্রে ২০২২-২০২৩ অর্থবছরের আয়কর রিটার্ন নেয়ার পরিবর্তে ২০২১-২০২২ নেয়ার বিষয়ে প্রনিক দপ্তরের সিদ্ধান্ত প্রয়োজন।

৫.০ আর কোন আলোচ্যসূচী না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

০৪/১০/২৩

(মোঃ মাসুদুল মান্নান)
নিয়ন্ত্রক
আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা
ফোন নং: ৪১০৫০২৭৮
মোবাইল নম্বর: ০১৭০৭০৭৩২২৫
ই-মেইল: mamaapollo@gmail.com
controller.dhaka@ccie.gov.bd